গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rajshahicollegebd@gmail.com website: www.rc.edu.bd
online news portal: rcbarta.com

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.৯৮৯

তারিখ ১৮ মাঘ ১৪৩২ ব:
০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

**২০২৫ সালের ডিগ্রি (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

**১. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ফরম সংগ্রহ ও জমা দেয়ার সময়সূচি ঃ**

| **তারিখ** | **সময়** | **স্থান** |
|---|---|---|
| ০২/০২/২০২৬ থেকে ১৯/০২/২০২৬ পর্যন্ত **(সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** | সকাল-১০:০০টা হতে বেলা-০১:০০টা পর্যন্ত | ফুলার ভবন (২য় তলা) সংস্কৃত বিভাগ |

**২. আবেদন ফরম সংগ্রহ ঃ**

রেজিস্ট্রেশনের জন্য প্রার্থীকে ১৯/০৬/২০২৬ তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **nu.ac.bd/admissions)-এর** মাধ্যমে অনলাইনে আবেদন ফরম সংগ্রহ/ডাউনলোড করতে পারবে। আবেদনের সময় প্রার্থীকে সঠিকভাবে কোর্স নির্বাচন করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ ১২০×১৫০ Pixels, Image Type:JPG এবং Maximum file size: 50kb. আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি PIN নম্বর সম্বলিত আবেদন ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ ০২/০২/২০২৬ তারিখ থেকে ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

**৩. স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ও শর্তাবলি ঃ**

ক) বাংলাদেশে যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২৩ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.**এ/বি.এস.এস/বি.বি.এস কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কোর্স ৩। এইচ.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।**

খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত; ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.**এ/বি.এস.এস/বি.বি.এস কোর্সে** আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।

ঘ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্টেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) **১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।**

চ) আবদনে ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**৪। স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ**

ক) বাংলাদেশে-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) **বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।**

**সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনেরজন্য অনুমোদিত বিষয়সমূহ ঃ** আরবী, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।

৫। **বিষয়গুচ্ছ সমূহ ঃ আবশ্যিক বিষয় : (i) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস (ii) বাংলা (iii) ইংরেজী**

***** বি.এ(পাস) কোর্সের বিষয়গুচ্ছ সমূহ (প্রতিটি বিষয়গুচ্ছককককককককক র থেকে একটি করে বিষয় নিয়ে মোট ০৩ (তিন) টি বিষয় নিতে হবে)।**

(i) আরবী (ii) ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (iii) ইসলামী শিক্ষা /দর্শন

(iv) অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/ সমাজবিজ্ঞান

***** বি.এস.এস (পাস) কোর্সের নিম্নলিখিত বিষয়গুলোর মধ্যে (i) নং গুচ্ছ থেকে ২টি অন্যান্য গুচ্ছের যে কোন একটি বিষয় নিতে হবে।**

(i) অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান (ii) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইতিহাস (iii) ইসলামী শিক্ষা /দর্শন

(iv) আরবী

***** বি.বি.এস (পাস) কোর্সের বিষয়গুচ্ছসমূহ:** (i) হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, অর্থনীতি।

৬। **রেজিস্ট্রেশনের জন্য ফিসের বিবরণ:**

**আবেদনকারী সংশ্লিষ্ট কমিটির নিকট হতে (আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি, কলেজ প্রসপেক্টাস, ইনকোর্স, ব্যবস্থাপনা ও অন্যান্য) ফি বাবদ সর্বমোট ১৯২০/- (এক হাজার নয়শত বিশ) টাকার জমা রশিদ সংগ্রহ করে উল্লিখিত ফি কলেজ ক্যাশ শাখায় জমা দিয়ে নিজের অংশগ্রহণ পূর্বক রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করতে হবে।**

৭। **পাঠ্যক্রম ও পাঠ্যসূচি ঃ**

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।

৮। **নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে :**

ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন)।

খ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীদেরকে তাদের চাকরি ০২(দুই) বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরিতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরিতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহনের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

গ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে- মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৬.

তারিখ ১৮ মাঘ ১৪৩২ ব:
০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। আহ্বায়ক, ২০২৫ সালের ডিগ্রি (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশন পরিচালনা কমিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
৫। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ 01/02/2026
রাজশাহী কলেজ, রাজশাহী।
02/02/2026